The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 816 | 03 May 2024 | শুক্রবার ২০ বৈশাখ ১৪৩১




Columbia University Protests
>> Page 24



Person charged after 2 Bangladeshi shot
>> Page 25



4 indicted child sex trafficking ring: DA
>> Page 24



Chanchal first curious look at 'Kalpurush'
>> Page 24

# ট্রাম্প জিতলে ২ কোটি ইমিগ্রান্টকে বহিস্কার!

## সাবেক মার্কিন প্রেসিডেন্টের নির্বাচনী প্রতিশ্রুতিতে আতঙ্কিত অভিবাসীরা

**মনোয়ারুল ইসলাম**



ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হলে ২ কোটি অবৈধ ও বৈধ ইমিগ্রান্টকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেবেন। প্রয়োজনে এতে সামরিক বাহিনীকে ব্যবহার করবেন বলে তিনি ঘোষণা দিয়েছেন। এই ২ কোটির মধ্যে প্রায় দেড় কোটি ইমিগ্রান্ট কাগজপত্রহীন অবৈধ বলে তিনি দাবি করেছেন। গত বুধবার উইসকনসিনে এক নির্বাচনী সভায় ট্রাম্প আরো বলেছেন, অবৈধভাবে যারাই এদেশে আছে তাদের সবাই ক্রিমিনাল হিসেবে বিবেচিত হবে। অন্যদিকে লাখ লাখ ইমিগ্রান্ট রয়েছেন যারা ক্রিমিনাল একটিভিটির সাথে জড়িত। তাদেরকেও ডিপোর্ট করা হবে। সাবেক মার্কিন প্রেসিডেন্টের এই ঘোষণায় যুক্তরাষ্ট্রে ইমিগ্রান্ট কমিউনিটিতে আতঙ্ক দেখা দিয়েছে। এদিকে টাইম ম্যাগাজিনও তার একটি সাক্ষাৎকার এরপর ৩৮ পৃষ্ঠায়



*শিক্ষার্থীদের বহিষ্কারের পরও কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ে চলছে ফিলিস্তিনের পক্ষে বিক্ষোভ।* আরও খবর শেষ পাতায়। ছবি: রয়টার্স

ভবিষ্যতবক্তা লিচম্যান এখনও নিশ্চিত নন

## হোয়াইট হাউস এবার কার?

**আজকাল রিপোর্ট**

আসছে নভেম্বরে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। এই নির্বাচনে সম্ভাব্য প্রতিদ্বন্দ্বী হিসেবে আবারও মুখোমুখি হচ্ছেন জো বাইডেন ও ডোনাল্ড ট্রাম্প। উত্তেজনাপূর্ণ এই ভোটের দিকে কেবল আমেরিকাই নয়, গোটা বিশ্বই তাকিয়ে আছে। এখনও পর্যন্ত যা পরিস্থিতি ট্রাম্পের পাল্লাই ভারী বলে মনে করছে রাজনৈতিক বিশেষজ্ঞরা। কিন্তু কী ভাবছেন অ্যালান লিচম্যান? গত দশবারের প্রেসিডেন্ট নির্বাচনে নয়বারই অভ্রান্ত ভবিষ্যদ্বাণী করেছিলেন তিনি। আসন্ন নির্বাচন নিয়ে তিনি কী বলছেন? এরপর ৩৮ পৃষ্ঠায়

প্রসঙ্গ বাংলাদেশের ভবিষ্যৎ রাজনীতি

## কে দেবে আগামীর নেতৃত্ব?

**বিশেষ প্রতিনিধি**, *নিউইয়র্ক ও ঢাকা*



বাংলাদেশে প্রধান দুই দল ক্ষমতাসীন আওয়ামী লীগ এবং রাজপথের বিরোধী দল বিএনপি উভয় দলই আগামী দিনে দল পরিচালনার নেতৃত্ব কে দেবেন সেটা নির্ধারণ করতে পারছে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেই প্রশ্ন রেখেছেন, 'আমাকে উৎখাত করলে পরবর্তীতে কে আসবে'। প্রধানমন্ত্রী বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে এই প্রশ্ন রাখেন। তার থাইল্যান্ড সফর সম্পর্কে অবহিত করার লক্ষ্যে এই সংবাদ সম্মেলন করা হয়। তবে এই সুযোগে বিভিন্ন ধরনের সমসাময়িক প্রসঙ্গেও সাংবাদিকরা তাকে প্রশ্ন করেন। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্যন্ত দক্ষতার সঙ্গে দেশ পরিচালনা করলেও তার দলে পরবর্তী নেতৃত্ব কে সেটা নির্ধারণ করা যাচ্ছে না।

বিএনপি'তে খালেদা জিয়া কারাগারে থাকায় তার এরপর ৩৮ পৃষ্ঠায়

শতাধিক শিক্ষার্থী গ্রেপ্তার

## বিশ্ববিদ্যালয়ে ইসরায়েল বিরোধী বিক্ষোভ চরমে

**আজকাল রিপোর্ট**

নিউইয়র্কের দুই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে ১০০ জনেরও বেশি বিক্ষোভকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গাজায় ইসরায়েলের আগ্রাসন ও গণহত্যার বিরুদ্ধে গত মঙ্গলবার বিক্ষোভে অংশ নেওয়ায় সময় তাদেরকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের বিষয়টি আইন প্রয়োগকারী সংস্থার এক কর্মকর্তা নিশ্চিত করেছেন। কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় ও সিটি কলেজ অব নিউইয়র্ক থেকে তাদের গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃতদের বেশিরভাগই কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। পুলিশ জানিয়েছে, প্রায় ২০ জনেরও বেশি এরপর ৩৮ পৃষ্ঠায়

## 'আমাদের পুলিশ এখন আমেরিকান স্টাইলে আন্দোলন দমাতে পারে'

**ঢাকা অফিস**

বাংলাদেশের পুলিশ এখন আমেরিকান স্টাইলে আন্দোলন দমানোর ব্যবস্থা নিতে পারে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর থাইল্যান্ড সফর নিয়ে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় গণভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

যুক্তরাষ্ট্রে সম্প্রতি দুজন বাংলাদেশি বংশোদ্ভূত এরপর ৩৮ পৃষ্ঠায়

সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

# আবারও সরকার উৎখাতের শঙ্কা

**বিশেষ প্রতিনিধি**, *ঢাকা থেকে*



আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবারও সরকার উৎখাতের আশঙ্কা করছেন। তিনি বলেছেন, বাম ৯০ ডিগ্রি ঘুরে গেছে। বিশেষ করে যারা অতি বাম, সব সময় মনে করি-তারা প্রোগ্রেসিভ দল, তারা খুবই গণমুখী দল ইত্যাদি। সেখানে আমার প্রশ্ন হচ্ছে, ঠিক আছে তারা আমাকে উৎখাত করবে, তাহলে পরবর্তী সময়ে কে আসবে? সেটা কি ঠিক করতে পেরেছে? সেটাই আমার প্রশ্ন। প্রধানমন্ত্রী আরও বলেন, আমার শক্তি জনগণ। জনগণ যতদিন চাইবে ক্ষমতায় থাকব। মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছি। এজন্য যত চক্রান্ত আর বাধা আসুক, আমরা বিজয় নিয়ে আসি। এখানে জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটছে। বৃহস্পতিবার প্রধানমন্ত্রী তার সরকারি বাসভবন গণভবনে থাইল্যান্ড সফর নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে প্রথমে প্রধানমন্ত্রী লিখিত বক্তব্যে থাইল্যান্ড সফরের বিস্তারিত তুলে ধরেন। পরে উপজেলা পরিষদ নির্বাচনে মন্ত্রী-এমপির স্বজনদের অংশগ্রহণ, ১৪ দলীয় জোটের অবস্থা, আওয়ামী লীগের হীরকজয়ন্তী উদ্যাপন, যুক্তরাষ্ট্রের মানবাধিকার নিয়ে এরপর ৩৮ পৃষ্ঠায়

## ১০ বাংলাদেশিকে অপহরণ করেছে আরাকান আর্মি

**আজকাল ডেস্ক**

কক্সবাজারের উখিয়া সীমান্তে নাফ নদে মাছ ধরতে যাওয়া ১০ বাংলাদেশি জেলেকে অপহরণ করে মিয়ানমারে নিয়ে যাওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকালে এ বিষয়টি নিশ্চিত করেছেন উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হোসেন। স্থানীয়দের বরাত দিয়ে ওসি জানান, বুধবার বিকালে উখিয়ার পালংখালী এরপর ৩৮ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকালাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

# মার্কস্‌ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন

## 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville

217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester

504 W Main St
Rochester, NY 14608


* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোশাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক্

Queens Social Adult Day Care Center Inc





Captain Mahfuzul Haque

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার


### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# গাজা প্রশ্নে মুসলিম দেশগুলি নিরব কেন?

রেহানুজ্জামান

দুই হাজার তেইশ সালের ৭ অক্টোবর হামাসের হামলার পরিপ্রেক্ষিতে ইজরায়েল গাজা ভূখন্ডকে ধ্বংস করে বিশ্ববিবেকের মুখে, বিশ্বমানবতার বুকে লাথি মেরে সভ্যতার জমিনে এক কলংক তিলক এঁকে দিয়েছে। তারা মানবসভ্যতাকে পদদলিত করেছে। যে সভ্যতা মানুষকে অন্ধকার থেকে আলোর পথে নিয়ে এসেছে এ কলংক তিলক তার ললাটে চিরকাল অংকিত হয়ে থাকবে। মানবতার ধ্বজাধারী রাষ্ট্রনায়কদেরও ইতিহাস কোনদিন ক্ষমা করবেনা। কোন একদিন তাদেরকে মানবতার কাঠগড়ায় দাঁড়িয়ে জবাবদিহি করতে হবে। ফিলিস্তিনের জনগণ অত্যাচার আর নির্যাতনের শিকার হতে হতে তাদের পিঠ যখন দেয়ালে ঠেকে যায় তখন হামাসের সশস্ত্র যোদ্ধারা প্রতিরোধ আন্দোলন গড়ে তুলে। গত সাত-ই অক্টোবর ইজরায়েলের অভ্যন্তরে ঢুকে তারা আক্রমণ চালায়। সেদিন ইজরায়েল কিংকর্তব্যবিমুঢ় হয়ে পড়ে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ইজরায়েলের সাথে একাত্মতা প্রকাশ ও সহানুভূতি জানাতে একে একে ইউরোপ আমেরিকার রাষ্ট্রপ্রধানরা ইজরায়েলের পাশে দাঁড়িয়ে উত্তপ্ত কড়াইয়ে ঘি ঢালতে শুরু করে। সেদিন ইজরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ফিলিস্তিনিকে পশুর সাথে তুলনা করে এবং তাদের বেঁচে থাকার অধিকার নেই বলে ঘোষণা করে। প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ঘোষণা করেন গাজাকে তিনি মাটির সাথে মিশিয়ে দিবেন। যাদের ঔরসে জন্ম নেওয়া ইজরায়েল নামক রাষ্ট্রকে পেলে পুষে বলবান করেছে তারাই তাদেরকে দেখভাল করার দায়িত্ব নিয়েই দুর্যোগে পাশে দাঁড়িয়েছে। কিন্তু দুঃখের বিষয় একই ভূখন্ডের একই জাতি একই ধর্মের একই ভাষাভাষীর বারোটি ধনাঢ্য রাষ্ট্রের কোন রাষ্ট্রপ্রধানকে ফিলিস্তিনিদের পাশে দাঁড়াতে দেখা যায়নি, তাদের প্রতিবাদ বা প্রতিরোধ পরিলক্ষিত হয়নি। তারা নিরব দর্শকের ভূমিকা পালন করেছে। মসনদ রক্ষার্থে ব্যস্ত মধ্যপ্রাচ্যের সুলতান আমির বাদশাহরা ভীতসন্ত্রস্ত হয়ে আপন প্রাণ বাঁচানোর নীতি আঁকড়ে রয়েছে। তারা পুতুলের মতো অনড় ভূমিকায় ছিল। কিছুই করা যাবেনা কিছুই বলা যাবে না কিছুই দেখা যাবেনা, তারা চোখমুখ কান বন্ধ রেখেছে। ভ্রাতৃপ্রতীম রাষ্ট্র স্বজাতীয় বংশধররা নিশ্চুপ হয়ে ফিলিস্তিনের দিক থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। শান্তিকামী মানুষের প্রশ্ন, গাজা প্রশ্নে মুসলিম রাষ্ট্রগুলি নিরব কেন?

সেদিন প্রধানমন্ত্রী নেতানিয়াহু যে হুংকার দিয়ে গাজা ভূখন্ডে হত্যাকান্ডের তান্ডবলীলা শুরু করেছিল তা আজও অব্যাহত আছে। ইতিমধ্যে ৩৫ হাজার মানুষ নিহত হয়েছে আরও কত হাজারো মানুষ ভূগর্ভস্থ হয়েছে তার কোন হিসাব নেই। তাদের তিন চতুর্থাংশ নারী ও শিশু এই বর্বরতার শিকার হয়েছে। যে ধারণা নিয়ে আঁটঘাট বেঁধে ইজরায়েল যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল, মনে করেছিল হামাসকে ফু দিয়ে উড়িয়ে দিবে, কিন্তু বাস্তবে তা ঘটেনি। শুধু মানুষ আর অবকাঠামো ধ্বংস করে এখন আই, ডি,এফ হিসাব মিলাতে ব্যস্ত হয়ে পড়েছে। সাত মাস অতিবাহিত হতে চলছে, যুদ্ধ অব্যাহত রয়েছে। এ দিকে ইজরায়েলকে নতুন সহায়তা দেওয়াকে আমেরিকার জনগণ ও আন্তর্জাতিক বিভিন্ন মহল সমালোচনা করেছে, দ্বিমত পোষণ করেছে।



ইজরায়েলকে সহায়তা মানে আরও ফিলিস্তিনি হত্যা, আরও হত্যাযজ্ঞ। এসব সমালোচনা আর দ্বিমতের বিরুদ্ধে গিয়ে আমেরিকা ইজরায়েলের জন্য ১৭ বিলিয়ন ডলার সহায়তা বিল অনুমোদন করেছে। গাজায় আগ্রাসন ও গণহত্যা দৃশ্যত ইজরায়েল চালাচ্ছে, প্রকৃতপক্ষে চালাচ্ছে যুক্তরাষ্ট্র। যতটা না ইজরায়েল অপরাধী তার চেয়ে বড় অপরাধী যুক্তরাষ্ট্র। যুদ্ধবিরতির প্রশ্নে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে যে প্রস্তাব উত্থাপিত হয়েছিল, যুক্তরাষ্ট্রের ভেটোতে তা নাকচ হয়েছে। ফিলিস্তিন -ইজরাইরাইল বিরোধে দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধান যুক্তরাষ্ট্র মুখে সমর্থন করলেও বাস্তবে তা করে না। জাতিসংঘে ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদ যুক্তরাষ্ট্র ভেটো দিয়ে আটকিয়ে দিয়েছে। একদিকে মানবাধিকার রক্ষার সবক আর অন্যদিকে মানবাধিকার লঙ্ঘন যুক্তরাষ্ট্রের এই দ্বৈতনীতি বিশ্বের মানুষের কাছে পরিষ্কারভাবে ধরা পড়েছে এতে কোন সন্দেহ নেই।

এখন যুদ্ধ পরিস্থিতি ভিন্ন দিকে প্রবাহিত করার পাঁয়তারা চলছে। ইজরায়েল হামাসের সাথে যুদ্ধে জড়িয়ে ফেঁসে গিয়ে বিনা অজুহাতে তাদের চির বৈরী ইরানের দিকে বিদ্বেষের বিষ ছুঁড়ে সিরিয়ার দামেস্কের দূতাবাসে আক্রমণ করে বারোজন উচ্চপদস্থ কর্মকর্তাকে হত্যা করেছে।

এতদিন ইজরায়েল ইরান ছায়া যুদ্ধে সীমাবদ্ধ থাকলেও গত ২০ এপ্রিল দামেস্কে হামলার জবাবে ইরান ইজরায়েলে মিসাইল ও ড্রোন হামলা চালিয়েছে। চির বৈরী দুটি দেশ এখন যুদ্ধের মুখোমুখি হয়ে রয়েছে। যদিও ইজরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু ইরানের সঙ্গে দীর্ঘদিন সংঘাত লাগিয়ে রাজনৈতিকভাবে ফায়দা লুটতে চান, তা আর হয়ে ওঠেনি।

আগামীতে এ যুদ্ধের মোড় কোন দিকে প্রবাহিত হবে তা এখনই বলা মুস্কিল। গাজা যুদ্ধে ভয়ংকর গণহত্যা অবলোকনে বিশ্বের মানুষ কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছে। ইজরায়েলের অবিরাম বোমা হামলার বিরুদ্ধে বিশ্বের বিভিন্ন দেশ প্রতিবাদ জানাচ্ছে। গণহত্যা ও যুদ্ধ বিরতির আহবান জানাচ্ছে। এদিকে ৭ অক্টোবর গাজা উপত্যকায় গাজা ও ইজরায়েলের চলমান যুদ্ধকে কেন্দ্র করে কলম্বিয়া, ইয়েল ও নিউইয়র্ক বিশ্ববিদ্যালয়সহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ শুরু হয়েছে। মূলত আন্দোলন কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের মাত্র সত্তর জন ছাত্র দ্বারা শুরু হয়ে এখন বিস্তৃত হতে হতে যুক্তরাষ্ট্র তথা বিশ্বের প্রথম সারির সব বিশ্ববিদ্যালয়গুলোতে ছড়িয়ে পড়েছে। তথ্যমতে চল্লিশটিরও বেশী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ইজরায়েলের গণহত্যার এরপর ১৬ পৃষ্ঠায়



> আন্দোলনরত শিক্ষার্থীদের দাবী ইজরায়েল গাজায় গণহত্যা বন্ধ করুক। ইজরায়েলের সাথে সামরিক আর্থিক ও কারিগরি সহায়তা বন্ধ করুক, সহযোগিতামূলক গবেষণা, শিক্ষামূলক কর্মসূচি বন্ধ করুক। এ আন্দোলনে বিশ্বের বিভিন্ন দেশ থেকে লেখাপড়ার জন্য আগত শিক্ষার্থীরা অংশ নিয়েছে। নানা জাতি, ধর্ম ও বর্ণের শিক্ষার্থীরা অংশ নিচ্ছে, এটা সুনির্দিষ্ট কোন দেশ জাতি বা ধর্মের অনুসারীরা করছেনা। ইজরায়েলের এ গণহত্যার বিরুদ্ধে আন্দোলন আরও শানিত হতো যদি মুসলিম বিশ্বের প্রতিটি রাষ্ট্রের কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের শিক্ষার্থীদের সাথে সহমত প্রকাশ করে আন্দোলন গড়ে তুলতো। এতে বিশ্ব জনমত আরও জোরদার হতো

# বিশ্বশান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশও ভূমিকা রাখতে পারে

ড. দেলোয়ার হোসেন

> এ কথাটিই তিনি বারবার বলার চেষ্টা করেছেন। বর্তমান বিশ্ব সংকটকে অর্থনৈতিক, কূটনৈতিক, পরিবেশগত কিংবা সামরিক যেভাবেই আমরা বিবেচনা করি না কেন, সেখানে এশিয়ার দেশগুলোর একটি বড় ভূমিকা রয়েছে। এ ভূমিকা পালন করতে হলে এশিয়ার দেশগুলোর মধ্যে সহযোগিতা ও ঐক্য বাড়াতে হবে। এক্ষেত্রে জাতিসংঘের ভূমিকা রয়েছে, আসিয়ানের ভূমিকা রয়েছে, এশিয়ার গুরুত্বপূর্ণ রাষ্ট্র হিসাবে চীন, ভারত ও জাপানের ভূমিকা রয়েছে। বাংলাদেশও এক্ষেত্রে অসাধারণ ভূমিকা রাখছে এবং ভবিষ্যতেও রাখবে। শেখ হাসিনার মতো বিশ্বের আরও নেতাদের এসব বিষয়ে যেমন-যুদ্ধ বন্ধ করা, যুদ্ধকে না বলার ক্ষেত্রে এগিয়ে আসতে হবে এবং একটি সুন্দর মানবিক বিশ্ব প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে হবে



যুদ্ধ মানবতা ও সভ্যতার অন্যতম চ্যালেঞ্জ; বলা যায় অন্যতম শত্রু। বিশ্ব সভ্যতার ব্যাপক অগ্রগতি সত্ত্বেও যুদ্ধ নামক ভয়ংকর বাস্তবতা থেকে পৃথিবী পরিত্রাণ লাভ করতে পারেনি। পৃথিবীতে বিভিন্ন ধরনের যুদ্ধ সংঘটিত হয়েছে। ইতিহাসবিদদের কাছ থেকে আমরা জানতে পারি বিশ্বে শত বছরব্যাপী যুদ্ধ হয়েছে, ৩০ বছরব্যাপী যুদ্ধ হয়েছে, নেপোলিয়ানিক যুদ্ধ সংঘটিত হয়েছে, প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ হয়েছে। লক্ষ করার বিষয়, পৃথিবীতে যত বৃহৎ আকারের যুদ্ধ হয়েছে, এর প্রায় সবই সংঘটিত হয়েছে ইউরোপে অর্থাৎ ইউরোপ ছিল যুদ্ধের অন্যতম প্রাণকেন্দ্র। ইউরোপের বাইরেও সারা বিশ্বে নানা সময় নানা যুদ্ধ সংঘটিত হয়েছে। কখনো সাম্রাজ্য রক্ষা করার জন্য, কখনো সাম্রাজ্য বৃদ্ধি করার জন্য যুদ্ধ হয়েছে, অন্য কোনো দেশ বা অঞ্চলকে আক্রমণ করার জন্য যুদ্ধ হয়েছে। ফলে যুদ্ধের ইতিহাস অনেক করুণ। যুদ্ধের ভয়াবহতার সঙ্গে মানবজাতি পরিচিত। যুদ্ধ কীভাবে পৃথিবীকে বিভিন্ন সময় ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে গেছে, বিভিন্ন সভ্যতাকে ধ্বংস করেছে এবং আধুনিক সভ্যতার অগ্রগতির জন্য বাধা হয়ে দাঁড়িয়েছে, তা উপলব্ধি করা যায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিশ্বে অনেক যুদ্ধ সংঘটিত হলেও বৃহৎ শক্তিগুলো সরাসরি যুদ্ধে জড়ায়নি।

স্নায়ুযুদ্ধের সমাপ্তির পর পূর্ব ইউরোপ, মধ্য ইউরোপ থেকে শুরু করে আফ্রিকার বিভিন্ন অঞ্চলে যুদ্ধ সংঘটিত হলেও সে যুদ্ধগুলো একটা গন্ডির মধ্যে সীমাবদ্ধ ছিল। তারপরও আমরা যুদ্ধের ভয়াবহতা ও নির্মমতা দেখেছি। কিন্তু গত দুবছর বা এরও বেশি সময় ধরে বিশ্বে যুদ্ধের একটি নতুন মাত্রা আমরা দেখতে পাচ্ছি, যেখানে বৃহৎ শক্তিগুলো সরাসরি যুদ্ধে জড়িয়ে পড়েছে। ইউক্রেন যুদ্ধ আপাতদৃষ্টিতে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে হলেও ইউক্রেনকে সহযোগিতা করার জন্য ন্যাটো ও পশ্চিমা বিশ্ব সরাসরি সামরিক অস্ত্র দিচ্ছে, সামরিক সহায়তা দিচ্ছে। ফলে যুদ্ধটি বস্তুত রাশিয়া ও ন্যাটোর মধ্যেই সংঘটিত হচ্ছে। ফলে একটি ভয়াবহ যুদ্ধের বাস্তবতার মধ্যেই আমরা বাস করছি এখন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত কয়েক বছর ধরেই এ যুদ্ধের ভয়াবহতা ও বিভিন্ন দিক নিয়ে আন্তর্জাতিক বিভিন্ন ফোরামে বক্তব্য রেখেছেন এবং বক্তব্যগুলো অত্যন্ত প্রাসঙ্গিক ও স্পষ্ট। আমরা দেখেছি, ২০২২ ও ২০২৩ সালে জাতিসংঘে দুটি গুরুত্বপূর্ণ ভাষণে তিনি ইউক্রেন যুদ্ধ বন্ধের সরাসরি আহ্বান জানিয়েছেন এবং যুদ্ধের ফলে কী ধরনের বাস্তবতা তৈরি হচ্ছে, তিনি তার ইঙ্গিত করেছেন। যুদ্ধের অসংখ্য নেতিবাচক প্রতিক্রিয়া রয়েছে। যেমন যুদ্ধের কারণে অস্ত্র প্রতিযোগিতা বৃদ্ধি পায়। যুদ্ধের কারণে পশ্চিমা বিশ্ব ব্যাপকভাবে রাশিয়ার ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে, রাশিয়াও তার সর্বোচ্চ শক্তি দিয়ে পালটা নিষেধাজ্ঞা আরোপ করেছে। ফলে ভয়াবহ নিষেধাজ্ঞার রাজনীতি দেখতে পাচ্ছি আমরা। এর প্রভাবে অর্থনৈতিক সংকট চরমে উঠেছে। এখন আমরা দেখছি গাজা যুদ্ধের ভয়ংকর অবস্থা। দেখছি ইরান ও ইসরাইলের মধ্যে উত্তেজনা। এ পরিপ্রেক্ষিতে যুদ্ধের ভয়াবহতা, যুদ্ধের কারণে অস্ত্র প্রতিযোগিতা, বৈশ্বিক অর্থনৈতিক সংকট, মানবতার পতন এবং যুদ্ধের দরুন যে ধরনের অবিশ্বাস ও বৈরিতা তৈরি হয়েছে-সবকিছু বিবেচনায় নিয়েই প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিভিন্ন ফোরামে শান্তির পক্ষে বক্তব্য রাখছেন, সহযোগিতার জন্য আহ্বান জানাচ্ছেন।

গত ২৫ এপ্রিল ব্যাংককে অনুষ্ঠিত জাতিসংঘের এসক্যাপের ৮০তম অধিবেশনে প্রধানমন্ত্রী একটি গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছেন। এ বক্তব্যের মাধ্যমে বাংলাদেশের যুদ্ধবিরোধী অবস্থান আরও পরিষ্কারভাবে তুলে ধরেছেন তিনি। এ ভাষণটি সমগ্র বিশ্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদিও তিনি এ ভাষণটি দিয়েছেন জাতিসংঘের এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনে (এসক্যাপ), কিন্তু সমগ্র বিশ্বকে সামনে রেখেই তিনি বক্তব্য রেখেছেন। তিনি সরাসরি বলেছেন, এখনই যুদ্ধ বন্ধ হওয়া উচিত এবং যুদ্ধের মাধ্যমে কখনোই কোনো সমাধান আসে না। যুদ্ধের মাধ্যমে নারী, শিশুসহ অসংখ্য মানুষ প্রাণ হারাচ্ছে, যার অন্যতম উদাহরণ হচ্ছে গাজা যুদ্ধ। সেখানে হত্যার শিকার ৭০-৭৫ শতাংশই হলো নারী ও শিশু। শেখ হাসিনা যুদ্ধের একটি মানচিত্র উপস্থাপন করেছেন। একদিকে যেমন ইউক্রেন যুদ্ধ সংঘটিত হচ্ছে, গাজা যুদ্ধ চলছে, ইরান ও ইসরাইলের মধ্যে সামরিক উত্তেজনা বাড়ছে, একইসঙ্গে বাংলাদেশের প্রতিবেশী মিয়ানমারে সংঘটিত গৃহযুদ্ধের কথাও তিনি বলেছেন। যুদ্ধের এ মানচিত্র অত্যন্ত বেদনাদায়ক। যুদ্ধ পুরো বিশ্বকে গ্রাস করে ফেলছে। যুদ্ধের ভয়াবহতার অন্যতম শিকার হচ্ছে উন্নয়নশীল বিশ্ব তথা বৈশ্বিক দক্ষিণের (গ্লোবাল সাউথ) দেশগুলো। সেখানে অবস্থান করছে বাংলাদেশের মতো দেশগুলো।

প্রধানমন্ত্রীর বক্তব্যের মধ্যে কয়েকটি দিক স্পষ্ট। প্রথমত, তিনি অত্যন্ত স্পষ্ট ও জোরালোভাবে যুদ্ধকে 'না' বলার কথা বলেছেন। কারণ যুদ্ধ মানেই হচ্ছে ধ্বংস, সহিংসতা, আগ্রাসন। এ যুদ্ধের মাধ্যমে বিশ্ব একটি চরম সংকটে উপনীত হয়েছে। শেখ হাসিনা যথার্থই যুদ্ধের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন এবং যুদ্ধের বিরুদ্ধে জোরালো বক্তব্য রেখেছেন। মিয়ানমারে চলমান যুদ্ধ দেশটির ভেতরে চরম সংকট তৈরি করেছে এবং একইসঙ্গে রোহিঙ্গা সংকটকে আরও জটিল করেছে। মিয়ানমারের রাখাইনে গণহত্যার ফলে প্রায় ১৩ লাখ রোহিঙ্গা বর্তমানে বাংলাদেশে অবস্থান করছে। এ মুহূর্তে মিয়ানমারের গৃহযুদ্ধের কারণে রোহিঙ্গা প্রত্যাবাসন বিলম্বিত হচ্ছে। মিয়ানমারের ভেতরে ও বাইরে নিরাপত্তা ঝুঁকি তৈরি হয়েছে। পুরো অঞ্চলটি ভয়ংকরভাবে একটি অনিশ্চয়তার দিকে এগিয়ে যাচ্ছে। এটি যেমন বাংলাদেশের প্রতিবেশী অঞ্চল বা রাষ্ট্রের বাস্তবতা, একইসঙ্গে ইউক্রেন যুদ্ধ, গাজা এরপর ১৬ পৃষ্ঠায়



# ক্ষমতাসীনরাই দেশের ছাত্র রাজনীতি কলুষিত করেছে

সুব্রত বিশ্বাস



ইউক্রেন, গাজা, ইরান, ভারতের নির্বাচন ইত্যাদির মধ্যে আমাদের দেশে ঘটে গেছে অনেক ঘটনা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে স্বামী-স্ত্রীকে ডেকে এনে স্ত্রীকে পালাক্রমে ধর্ষণ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্রীর আত্মহত্যা, বুয়েটে ছাত্র রাজনীতির অনুমতি প্রদান এবং সর্বশেষ পহেলা বৈশাখ পালনে সরকারের সময় বেঁধে দেওয়া নিয়ে বিতর্ক।

প্রতিটি ঘটনার কুশীলব সরকার দলীয় ছাত্রলীগ এবং সরকারের নিয়োগপ্রাপ্ত পেটুয়া প্রশাসন। একসময় অনুন্নত ও পশ্চাদপদ দেশ হিসেবে আমাদের দেশে ছাত্ররাই রাজনীতির নিয়ামক শক্তি হিসেবে ভূমিকা পালন করেছে। স্বাধীনতার পর অতীত ধাঁচের ছাত্র রাজনীতির ধারা পরিবর্তন হওয়া বাঞ্ছনীয় ছিল। আশা ছিল মুক্তিযুদ্ধের অভিজ্ঞতার ভিত্তিতে জনগণের স্বপ্ন ও প্রত্যাশার আলোকে দেশ পরিচালিত হবে। কিন্তু প্রকৃত অর্থে তা আর সেভাবে হলো না। একাত্তরে দেশ স্বাধীন হওয়ার পর ছাত্র রাজনীতির অতীত ধারা আবার নতুন করে ফিরে এল। মুসলিম লীগের ছাত্রবাহিনী পোষার রাজনীতি স্বাধীন দেশের দলগুলো গ্রহণ করল। আগে সব দলেরই ছাত্র সংগঠন ছিল। কিন্তু ছাত্র সংগঠন ছিল রাজনৈতিক দলগুলোর সহযোগী সংগঠন। পরে দেখা গেল সেগুলো হয়ে গেল অঙ্গ সংগঠন। অর্থাৎ রাজনৈতিক দলগুলোর কলেজ শাখা, বিশ্ববিদ্যালয় শাখা। তারা ছাত্র রাজনীতি করে না, তারা করে জাতীয় রাজনীতি। দলগুলো ক্ষমতায় যাওয়া ও ক্ষমতায় টিকে থাকার লক্ষ্যে ঠেঙাড়ে বাহিনী হিসেবে ছাত্রদের ব্যবহার করার প্রয়াস পেল।

১৯৭২ সালের পর থেকে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোয় তাদের প্রভাব বিস্তার বজায় রাখার জন্য মরিয়া হয়ে উঠল। তারই ধারাবাহিকতায় ১৯৭৪ সালে বিশ্ববিদ্যালয়ে কর্তৃত্ব প্রতিষ্ঠায় ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের মধ্যেই আবার কোন্দল দেখা দেয়। দলের দুই যুবনেতার অভ্যন্তরীণ কোন্দলের জেরে মহসিন হলে সাত তরুণের বুক ঝাঁঝরা হয়ে যায় বুলেটের গুলিতে। যারা মরল, যারা মারল সবাই ক্ষমতাসীন দলের ছাত্র। এই ঘটনার পর কিছুদিন বিশ্ববিদ্যালয়ে ছাত্র রাজনীতি স্থবির হয়ে যায়।

জিয়াউর রহমানের আমলে রাজনীতি আবার যখন জোরদার হয়ে উঠল, তখন দেখা গেল বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক দলের ছাত্র সংগঠনগুলোকে সক্রিয় হয়ে উঠতে। আওয়ামী লীগের ছাত্রলীগ, জাসদের ছাত্রলীগ, বিএনপির ছাত্রদল। তারা মরিয়া হয়ে উঠল তাদের কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য। এরশাদের আমলেও সেটি দেখা গেছে। যদিও এরশাদের ছাত্র সংগঠন ছাত্র সমাজ তেমন সুবিধা করতে পারেনি।

তারই এক পর্যায়ে এসে দেখা গেল, যে দল যখন ক্ষমতায় থাকে সেই দলের ছাত্র সংগঠন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বা কলেজ ক্যাম্পাস দখল করে নিচ্ছে। বিরোধীদের সেখান থেকে উৎখাত করা হয়। বিএনপির আমলে ছাত্রদল করেছে। আওয়ামী লীগের আমলে ছাত্রদল, ছাত্র ইউনিয়নকে উৎখাত করা হয়েছে। সে ধারা এখনও বলবৎ আছে। ফলে একাত্তর-পরবর্তী ছাত্ররাজনীতির যে ধারা চলছে সেটি কোনো দিক থেকেই ইতিবাচক নয়। এবং এখন এমন অবস্থা দাঁড়িয়েছে, সরকারের বশংবদ হিসেবে নিয়োগপ্রাপ্ত ভিসি, প্রভোস্টদের কোন দায়িত্ব বা ভূমিকা নেই, হলে ছাত্রদের সিট বিতরণ করে ছাত্র লীগের নেতারা। আর নবাগতদের ঠাঁই হয় গণরুমে। প্রশাসনের প্রত্যক্ষ ও পরোক্ষ সহায়তায় ছাত্রলীগ সাধারণ ছাত্রদের ওপর দলীয় প্রভাব ও প্রভুত্ব চালিয়ে আসছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ধর্ষণ সম্পর্কিত ঘটনা বার বার জনসমক্ষে এসেছে। প্রতিবাদ উঠেছে, কিন্তু সরকারের পেটুয়া প্রশাসন প্রতিবারই ছাত্রলীগের কুকীর্তি অপকীর্তি ধামাচাপা দিতে অগ্রণী ভূমিকা রেখেছে। সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে নারীর প্রতি সহিংস আচরণের এক বর্বরতম ঘটনা ঘটেছে। এক স্বামী-স্ত্রীকে আমন্ত্রণ জানিয়ে বিশ্ববিদ্যালয় হলে এনে স্বামীকে হলে রেখে স্ত্রীকে নিয়ে গিয়ে গণধর্ষণ করা হয়েছে। প্রতিবাদ উঠেছে, কিন্তু প্রশাসন ছাত্রলীগের পক্ষ নিতে মোটেও কালবিলম্ব করেনি। প্রতিবাদকে কেন্দ্র করে প্রশাসন কোনো প্রকার কারণ দর্শানোর নোটিশ কিংবা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ডিসিপ্লিনারী সভা আয়োজন ব্যতিরেকে ছাত্র ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদককে একবছরের জন্য বহিষ্কার করা হয়েছে। যা দেশের বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে বিরল ও ন্যাক্কারজনক। এটা দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য অত্যন্ত উদ্বেগজনক। অতীতের অভিজ্ঞতায় দেখা গেছে, এভাবে একতরফা, বিতর্কিত সিদ্ধান্তের পেছনে রয়েছে জবাবদিহিতা না থাকা। শিক্ষা প্রতিষ্ঠানসগুলোকে আজ্ঞাবহ প্রতিষ্ঠানে পরিণত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন কোনো নিয়ম-নীতির তোয়াক্কা করছে না। বিশ্ববিদ্যালয়গুলোয় সাম্প্রতিক সময়ে একের পর এক অপকর্মে বা অঘটনে কে বেশি আলোচনায় থাকবে তা নিয়ে যেন প্রতিযোগিতা শুরু হয়েছে। শুধু তাই নয়, একটার পর একটা ধর্ষণের ঘটনা ঘটে চলেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয়, কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়সহ আরও আরও বিশ্ববিদ্যালয়ের পর আলোচনায় আসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ফাইরুজ অবন্তিকা এরপর ২০ পৃষ্ঠায়

> প্রায় চল্লিশ বছর যাবৎ কলেজ বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রদের সংগঠন করার গণতান্ত্রিক অধিকার ছাত্র রাজনীতি বন্ধ রাখা হয়েছে। পাশাপাশি সংস্কৃতি চর্চাও বন্ধ রয়েছে। ফলে গণতান্ত্রিক অধিকার ও মূল্যবোধের বিকাশ ঘটছে না। সংগঠন করা ও ভোট প্রয়োগের অবাধ অধিকার না থাকায় দেশের ভবিষ্যৎ রাজনীতিতে নতুন নেতৃত্ব আসার পথ রুদ্ধ হয়ে গেছে। ফল হিসেবে টাউট বাটপাড়, আমলা, ব্যবসায়ীরা রাজনীতির মাঠ দখল নিয়েছে। রাজনীতি করা মানুষের গণতান্ত্রিক অধিকার। পৃথিবীর অনেক দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র রাজনীতি আছে। কিন্তু প্রশ্ন থেকে যায়, ছাত্র রাজনীতি আর রাজনৈতিক দলের লেজুড়বৃত্তি কিংবা ক্ষমতা প্রদর্শন কীভাবে এক হতে পারে?




GRAND OPENING
JACKSON HEIGHTS OFFICE

# GEHI & ASSOCIATES
**Attorneys and Counselors at Law**
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite: 205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
014-05 Liberty Ave, Ozone Park, NY -11417. TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432. TEL: 718-764-6911


Naresh Gehi, Esq

ইমিগ্রেশন | ব্যাংক্রাপসি | ক্রেডিট কার্ড মেটার | ডিভোর্স | চাইল্ড কাস্টডি | চাইল্ড সাপোর্ট | অর্ডার অব প্রোটেকশন | সিটিজেনশিপ | সব ধরনের ভিসা ও ফিয়ানমি ভিসা প্রসেসিং।

● Do you want apply for a green card? ● Are you being deported?
● Are you having credit card problems? ● Are you unable to pay your debts?
● Has your bank account been sealed? ● Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

ON MANY OCCASIONS OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME

Call: 718-263-5999

* তুলনামূলকভাবে কম ফি * সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

MortgageDepot™ Team Bailey Presents

# USBCCI REAL ESTATE EXPO 2024

## উপস্থিতির জন্য থাকছে যেসব সুবিধা

- ইউএসবিসিসিআই রিয়েল এস্টেটএক্সপো আয়োজন করছে ইউএসবিসিসিআই। এক্সিবিটর, রিয়েলটর এবং ক্রেতাদের জন্য এটি একটি দারুন সুযোগ।
- একটি বাড়ীর কেনার জন্য সব ধরনের সুযোগ থাকছে এই এক্সপোতে।
- লোন প্রয়োজন হলে মর্টগেজ থেকে শুরু করে আইনি পরামর্শের জন্য অ্যাটর্নি, ট্যাক্স ফাইলিং সহযোগীতার জন্য থাকছেন অভিজ্ঞ সিপিএ।
- ১ পার্সেন্ট ডাউন পেমেন্টে বাড়ী কেনার দারুন সুযোগ থাকছে ইউএসবিসিসিসিআই রিয়েল এস্টেট এক্সপোতে। সাথে থাকছে নিউইয়র্ক স্টেটের গ্রান্ট ১০ হাজার থেকে ১ লাখ ডলার পর্যন্ত। ইসলামী শরীয়া অনুযায়ী বাড়ী কেনার অনন্য সুযোগ থাকছে এক্সপোতে।

ফ্রি টিকিটের জন্য স্ক্যান করুন

নিউইয়র্ক
লাগার্ডিয়া ম্যারিয়ট হোটেলে

শনিবার
১৮ মে, ২০২৪ সকাল১০:০০ থেকে সন্ধ্যা ৬:০০ পর্যন্ত

## অনুষ্ঠানে যা থাকছে

৫০+ টি স্টল

৬ +প্যানেল আলোচনা

১০০০+অংশগ্রহণকারী

এক্সপোতে ক্রেতাদের জন্য ফ্রি লোন প্রি-এপ্রুভালের সুযোগ থাকছে.

Visit Us

www.usbccirealestateexpo.org

Sponsored

PLATINUM | GOLD | SILVER | CORPORATE

CARBON TEAM CROSSCOUNTRY MORTGAGE™

SMA LAW OFFICE OF SARDAR M. ASADULLAH PLLC

MEADOWBROOK FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Nacmias Law Firm

Citywide Insurance Agency

Organized by :

USBCCI U.S. Bangladesh Chamber of Commerce & Industry

VENUE : MARRIOTT NEW YORK LAGUARDIA AIRPORT

In Collaboration With : BROOKLYN CHAMBER OF COMMERCE · Queens Chamber of Commerce

Technology Partner: USBD DIGITAL SOLUTIONS

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

স্পেশাল সেল

৩টি রেড হার্ড চিকেন $17.99

Approved by

SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99

অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205-7200 | 718.205.8262


NABANNO
RESTAURANT & PARTY CENTER
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
Chinese Restaurant
HALAL
FREE WiFi
Deshi Style
Halal Chinese Food
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার
পরিবেশন এবং ক্যাটারিং করি।
Nabanno Chinese Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone: 718 734 6060
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
RESTAURANT & PARTY CENTER
সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ
সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের
জন্য সবচেয়ে নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
WELCOME TO
Party
Nabanno party Center
FREE WiFi
HALAL
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000

সাতপাঁচ

Weekly Ajkal সাপ্তাহিক আজকাল

শ্রী চিন্ময় সেন্টার

# মর্ত্যলোকের এক ইন্দ্রপুরী

কাজী জহিরুল ইসলাম


কিছু মানুষ আছেন যাদের সংস্পর্শ আমাদের আলোকিত করে, কিছু গৃহ আছে যেখানে পা রাখলেই ইতিবাচকতার আলোয় হৃদয় উদ্ভাসিত হয়, কিছু উদ্যান আছে যেখানে দাঁড়ালেই শান্তির হাওয়া এসে আত্মাকে প্রশান্ত করে। তেমন একজন মানুষ ছিলেন বিশ্বখ্যাত আধ্যাত্মিক ধ্যানসাধক ও শান্তির দূত শ্রী চিন্ময়, তেমন একটি গৃহ নিউইয়র্কের জ্যামাইকায় অবস্থিত 'শ্রী চিন্ময় কেন্দ্র ধ্যান জাদুঘর (শ্রী চিন্ময় সেন্টার পিলগ্রিমেজ মিউজিয়াম)' এবং তেমনই একটি উদ্যান শ্রী চিন্ময় অ্যাস্পিরেশন গ্রাউন্ড। এর আগেও বেশ ক'বার সেখানে গিয়েছি, বারবারই ওখানে যেতে ইচ্ছে করে, আজকের যাওয়ার মধ্যে ছিল খানিকটা আনুষ্ঠানিকতাও।

গুরু শ্রী চিন্ময়ের ধ্যান-শিষ্য গণমাধ্যম ব্যক্তিত্ব দিরা লেকারতিতি এবং শ্রী চিন্ময় ওয়াননেস হার্ট সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মহাতপা পালিত, এই দুজন মিলেই আজকের আয়োজনটি করেন। বার্লিন থেকে নিউইয়র্কে বেড়াতে এসেছেন কবি, গণমাধ্যম ব্যক্তিত্ব নাজমুন নেসা পিয়ারী, যাকে নিয়ে কবি শহীদ কাদরী লিখেছিলেন তার কালজয়ী কবিতা 'তোমাকে অভিবাদন প্রিয়তমা'। দিরার মাথায়ই চিন্তাটা প্রথম আসে, ফোন করে বলেন, জহির ভাই, আমার অনেক দিনের ইচ্ছে গুরুর পিলগ্রিমেজ জাদুঘর আপনি পরিদর্শন করেন, তা ছাড়া 'পিস রান টর্চ বিয়ারার এওয়ার্ড' পাবার পরে শ্রী চিন্ময় সেন্টারের প্রধান সিস্টার রঞ্জনার সঙ্গে আপনার একটি আনুষ্ঠানিক বৈঠক হওয়াও খুব জরুরী, এদিকে পিয়ারী আপাও বার্লিন থেকে এসেছেন, আপনারা দুজনই আমার প্রিয় মানুষ, আপনি রাজী থাকলে আমি আপনাদের দুজনের জন্য এই রোববারে একটি অফিশিয়াল ভিজিটের আয়োজন করতে চাই। দিরা মুখে বললো বটে আপনি রাজী থাকলে, কিন্তু আমি জানি আমার এই ভগ্নি আমার মুখ থেকে হ্যাঁ ছাড়া আর অন্য কোনো কিছুই শুনতে চান না। আমারও বা কী সাধ্য দিরাকে না বলি।

এক দিনের মধ্যেই সব আয়োজন করে ফেলে দিরা। পুরো প্রোগ্রামের মিনিট-সেকেন্ড ধরে সময়সূচী আমাদের জানিয়ে দেয়। পিয়ারী আপার কিছুটা যানবাহন জটিলতা ছিল, কিন্তু তা সত্ত্বেও আমরা সময়টা ঠিক মতোই ধরতে পেরেছি।


অ্যাস্পিরেশন উদ্যানে তখন মেডিটেশন চলছিল, আমরা ঢোকার সঙ্গে সঙ্গেই রঞ্জনা ঘোষের উদ্ভাসিত হাসিমুখ, হাস্যোজ্জ্বল নয়না এবং সেন্টারের আরো অনেকে আমাদের রিসিভ করেন। চন্ডিকা অনেক আগে থেকেই আমাদের জন্য সদর রাস্তায় দাঁড়িয়ে ছিলেন। একটা কথা এখানে বলা খুব দরকার, এই যে রঞ্জনা, নয়না, চন্ডিকা নামগুলো শুনছেন, ওরা কেউ কিন্তু বাঙালি নয়, সকলেই আমেরিকান, শ্বেতাঙ্গিনী। গুরু চিন্ময় তার সকল অনুসারীকে একটি করে বাংলা নাম দিয়েছেন এবং শিষ্যরা পরিবারের দেয়া জন্মনাম এফিডেভিট করে গুরুর দেয়া নাম নিয়ে পুনর্জন্ম লাভ করেন।

শ্রী চিন্ময়ের সকল ভক্তই বাংলা নামের অধিকারী, মেয়েরা শাড়ি পরেন এবং ছেলেরা নীল রঙের পাঞ্জাবী পরেন। অ্যাস্পিরেশন গ্রাউন্ডে যখন দেখি শাদা, কালো ইউরোপীয়, আফ্রিকীয়, মার্কিনী সকল নারী-পুরুষের পরণে বাঙালির পোশাক, বাঙালির সাজ, অনেক বাংলা শব্দের অর্থই তারা জানেন, নিজেদের বাংলা নাম বলে পরিচয় দেন, শ্রী চিন্ময়ের লেখা গানগুলো বাংলায় পরিবেশন করেন, বাংলা কবিতা পড়েন, তখন মনে হয় বাংলা ভাষার বিশ্বায়নে গুরু চিন্ময়ের চেয়ে বেশি কাজ আর কোন বাঙালি করেছেন! আমি মনে করি আরো বহু আগেই তাকে বাংলাদেশের রাষ্ট্রীয় সম্মাননা একুশে পদকে ভূষিত করা উচিত ছিল।



রঞ্জনা গুরুর শুরু হয়ে ওঠা, ধীরে ধীরে এই সেন্টার গড়ে তোলা, বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় তার বহুমুখী কাজ করা, গান করা, কবিতা লেখা, ছবি আঁকা এবং ক্রীড়ায় আত্মনিয়োগ করা ইত্যাদি বিষয়ে আমাদের নাতিদীর্ঘ ব্রিফিং দেন এবং নান্দনিক ভাবে সজ্জিত এই নন্দনকানন, শ্রী চিন্ময় অ্যাস্পিরেশন গ্রাউন্ডের সকল কিছু ঘুরে ঘুরে দেখান। উদ্যানের চারপাশে অতি সুশৃঙ্খলভাবে বিভিন্ন উচ্চতায় গুরুর ছবি, প্রতিকৃতি এমন নান্দনিক পুষ্পসজ্জায় সজ্জিত এবং উদ্ভাসিত মনে হয় যেন তিনি সর্বত্রই হেঁটে বেড়াচ্ছেন, দাঁড়িয়ে আছেন, ভক্তদের বিভিন্ন বিষয়ে নির্দেশনা দিচ্ছেন।

এতোটা আনুষ্ঠানিকতা হবে বুঝতে পারিনি। হঠাৎ নির্দেশনা এলো আমি এবং পিয়ারী আপা যেন রঞ্জনার সঙ্গে মঞ্চে উঠি। গ্যালারিতে তখনও কয়েক ডজন ডিসাইপল স্পিকারে ভেসে আসা গুরুর কণ্ঠে উচ্চারিত আধ্যাত্মিক বাণী শুনছেন। আমার লেখা কিছু বই সঙ্গে ছিল, রঞ্জনাকে দেব বলেই নিয়ে যাই। দিরা এবং মহাতপা দিদি বলেন, ওগুলো যেন মঞ্চে, আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করি। রঞ্জনা পরম মমতায় বইগুলো গ্রহণ করেন, এবং আমাকে হাতের ইশারায় মাইক্রোফোন দেখিয়ে বলেন, আমি যেন কিছু বলি।





শ্রী চিন্ময় সম্পর্কে আমি খুব সামান্যই জানি। তিনি বাংলাদেশের মানুষ, চট্টগ্রামে জন্ম, ১২ বছর বয়সে পরিবারের অন্যান্য সদস্যের সঙ্গে চলে যান শ্রী অরবিন্দের আশ্রম পন্ডিচেরিতে। সেখানেই ধ্যানসাধনার দীক্ষা গ্রহণ করেন। মধ্যরাতের পরে যখন কিশোরের দুচোখে রাজ্যের ঘুম তখন কে যেন তার বাহুতে খোঁচা দিয়ে বলত, বৎস্য উঠে পড়ো, এখন ধ্যান করার সময়। তিনি লাফ দিয়ে বিছানার ওপর উঠে বসতেন, মনে হতো গুরু অরবিন্দই তাকে জাগিয়ে দিয়েছেন। এরপর সারারাত চলত ধ্যান সাধনা, এভাবেই চট্টগ্রামের চিন্ময় কুমার ঘোষ হয়ে ওঠেন বিশ্বখ্যাত আধ্যাত্মিক গুরু শ্রী চিন্ময়।

অবিশ্বাস্য তার কাজের ভলিউম। অনবরত লিখতেন, ছবি আঁকতেন, গান করতেন। সকল বাদ্যযন্ত্র বাজাতে পারতেন। তার রচিত পুস্তিকার সংখ্যা ১৬০০, গান লিখেছেন ২১ হাজার, যার মধ্যে ১৩ হাজার গান তিনি লিখেছেন মাতৃভাষা বাংলায়, বাকি ৮ হাজার ইংরেজিতে। তার রচিত কবিতার সংখ্যা ১ লক্ষ ১৫ হাজার। বিশ্বশান্তির এই দূত একজন পটুয়াও ছিলেন, শান্তির প্রতীক হিসেবে তিনি প্রায় ১ লক্ষ ৬০ হাজার পাখির ছবি আঁকেন। তিনি মনে করতেন সঙ্গীত হচ্ছে মানুষের হৃদয়ের ভাষা। এই ভাষা খুব দ্রুত এক হৃদয়ের সঙ্গে অন্য হৃদয়ের যোগাযোগ স্থাপন করতে পারে। পৃথিবীর সকল মানুষ, সকল প্রাণী যুক্ত, এই বোধ জাগাতে পারলে পৃথিবীতে স্থায়ী শান্তি প্রতিষ্ঠা করা সম্ভব। এই লক্ষে সঙ্গীত একটি বড়ো ভূমিকা রাখতে পারে। তাই তিনি আমেরিকা, এশিয়া, ইউরোপ এবং আফ্রিকার দেশে দেশে ৮০০ টি পিস কনসার্ট করেন।

১৯৬৪ সালে, ৩৩ বছর বয়সে তিনি নিউইয়র্কে চলে আসেন। ধীরে ধীরে গড়ে তোলেন ধ্যান-সাধনা কেন্দ্র, বাড়তে থাকে ভক্তের সংখ্যা। ১৯৭০ সালে জাতিসংঘের তৎকালীন মহাসচিব উ থান্ট বিশ্বশান্তির জন্য শ্রী চিন্ময়ের ধ্যান-সাধনাকে কাজে লাগাতে চান, গুরুকে অনুরোধ করেন সপ্তাহে দুদিন তিনি যেন জাতিসংঘের প্রধান কার্যালয়ে ধ্যান-চর্চা পরিচালনা করেন, সেই থেকে আজ অবধি তা অব্যাহত আছে।

আমি গুরু চিন্ময়ের বেশ কিছু গ্রন্থ পাঠ করেছি। 'দিব্যপুরুষ' গ্রন্থটি ধ্যান-সাধকদের জন্য একটি গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা মনে হয়েছে। তিনি তার ধ্যান-সাধনার জার্নিটা তুলে ধরার মধ্য দিয়েই এই নির্দেশনাগুলো দিয়েছেন। একটি নির্দেশনা এখানে উল্লেখ করি, তিনি বলেছেন, পরমাত্মার অনুসন্ধান একটি লম্বা জার্নি, এই যাত্রাপথের দুপাশে অনেক মনি-মানিক্য চমকাতে দেখবে, অনেক অতিন্দ্রীয় ক্ষমতা তোমার মধ্যে দেখা দেবে, এসবে প্রলুব্ধ হয়ে থেমে যেও না, চূড়ান্ত লক্ষ্যের দিকে এগিয়ে যাবে।

আমরা অনেক পীর, ফকির, সাধুকে দেখি এইসব ক্ষমতার চর্চা করেন এবং অর্থ উপার্জন করেন, তারা ক্রমশ নিস্তেজ এবং লক্ষ্যচ্যুত হয়ে পড়েন।

পঞ্চাশে উপনীত হয়ে তিনি শান্তির জন্য দৌড় কর্মসূচীর আয়োজন করেন। এইসব দৌড় কর্মসূচীর একটি খুবই অবিশ্বাস্য, ৫২ দিনে ৩ হাজার একশ মাইল দৌড়ানো। সকাল ৬টা থেকে মধ্যরাত অবধি ভক্তরা দৌড়ান, এভাবে চলে টানা ৫২ দিন। ঝড়,বৃষ্টি, তুষারপাত কোনো কিছুই তাদের থামাতে পারে না। শুনে হয়ত অনেকেই ভাবছেন এও কি সম্ভব? হ্যাঁ সম্ভব তো বটেই, এই প্রতিযোগিতা প্রতি বছর একবার করে হয়। ৬ থেকে ১৫ জন প্রতি বছর এই দীর্ঘ পথ সফলতার সঙ্গে অতিক্রম করেন।

আপনারা অনেকেই স্বচক্ষে দেখেছেন, যাদের সেই সুযোগ হয়নি তারা ইউটিউবে দেখে নিতে পারেন, শ্রী চিন্ময় কী করে থাইল্যান্ডে হাতি উত্তোলন করেছেন, পৃথিবীর বিভিন্ন জায়গায় তিনি এক হাতে একাধিক মানুষ উত্তোলন করেছেন, প্রায় দেড় হাজার পাউন্ড ওজন উরুর ওপর ভর রেখে উত্তোলন করেছেন। এই কাজগুলো কোনো একক মানুষের পক্ষে বিজ্ঞান সম্মতভাবে করা সম্ভব নয়। বিজ্ঞানের বাইরেও যে একটি সত্য জগৎ আছে শ্রী চিন্ময় তাই আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়েছেন।

আপনি, আমি যখন বিশ্ব ব্রহ্মান্ডের প্রাণীকুলের সঙ্গে যুক্ত তখন আমরা অসীম ক্ষমতার অংশ হয়ে উঠি, সেই ক্ষমতা দিয়ে হাতিকে শূন্যে তুলে ফেলা তো কোনো ঘটনাই নয়, কিন্তু যখনই আমরা বিচ্ছিন্ন হয়ে যাই তখনই দুর্বল হয়ে পড়ি। এই দর্শনই শ্রী চিন্ময় আমাদের বোঝাতে চেয়েছেন। তিনি নিজে এক সাক্ষাৎকারে বলেছেন, আমার বয়স প্রায় সত্তর, আমি কোনো ভারোত্তলক নই, এটা আমার পেশা নয় কিন্তু কেন আমি এতো অধিক ভার উত্তোলন করে মানুষকে দেখাই? আমি তাদের বোঝাতে চাই, যার শক্তি আছে তার কাজ অন্যকে আক্রমণ করা নয়, তার কাজ অন্যকে সাহায্য করা, শান্তির জন্য কাজ করা।

সেন্টারের মঞ্চে দাঁড়িয়ে এইসব কথার কিছু উচ্চারণ করি, সেই সঙ্গে পৃথিবীর সকল প্রাণী যে যুক্ত এর পক্ষে আমার নিজের কিছু বিশ্বাসের কথাও বলি।

একদিন সিস্টার চন্ডিকা আমাদের বাড়ির সানরুমে বসে গুরুর প্রয়ান দৃশ্যটি বর্ণনা করেন। বেশ কয়েকবারই তিনি বিশ্বশান্তি প্রতিষ্ঠায় অবদান রাখার স্বীকৃতি হিসেবে নোবেল শান্তি পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন, সেবার, মানে ২০০৭ সালেও হয়েছিলেন। সে-বছর তিনিই পাবেন এইরকম একটা কথা বেশ জোরে-শোরেই শোনা যাচ্ছিল।

কিন্তু না, ঘোষণা এলো তিনি নন, ২০০৭ সালের জন্য নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন অন্য একজন আমেরিকান, দেশটির ভাইস প্রেসিডেন্ট আল গোর। আরো বেশ কয়েক বছর আগেই তিনি দেহ ত্যাগ করতে চেয়েছিলেন, সব ঠিকঠাকও ছিল, কিন্তু হঠাৎই তিনি সিদ্ধান্ত বদলান, না, আরো কিছু বছর তিনি বিশ্বশান্তির জন্য কাজ করতে চান। এরপর তার কাজের গতি আরো বেড়ে গেল। আরো বেশি পিস কনসার্ট, আরো বেশি পিস রান। যেহেতু নোবেল পুরস্কার মরনোত্তর দেয়া হয় না তাই তিনি দেহত্যাগের সিদ্ধান্ত পিছিয়ে দেন। কিন্তু ২০০৭ সালে যখন হলো না, আর দেরী করতে চাইলেন না, ঐদিনই দেহ ত্যাগের সিদ্ধান্ত নেন।

অ্যাস্পিরেশন গ্রাউন্ডে মেডিটেশন চলে সন্ধ্যার অনেক পর অব্দি। তিনি ভক্তদের বলেন, যারা আরো একটু বেশি মেডিটেশন করতে চাও আমার সঙ্গে চলো। তার বাড়িতে মধ্যরাত পর্যন্ত মেডিটেশন চলে। সাধারণত কয়েকজন ভক্ত-স্বেচ্ছাসেবী থেকে যান, সব সাফ-সুতরো করে, গুছিয়ে, গুরু শুয়ে পড়লে তারা প্রস্থান করেন। এক পর্যায়ে গুরু সোফা থেকে উঠে দাঁড়ান, কয়েক মিনিট রিলাক্সেশন ব্যায়াম করেন, তারপর সোফায় বসে উপস্থিত ভক্তদের বলেন, তোমাদের যথেষ্ট সাহস আছে তো, সব কিছু সামলে নিতে পারবে তো? কিন্তু কি সামলাতে হবে, কেন এতো সাহসের দরকার, এসব কিছুই বলেন না। এরপরই তিনি ঢলে পড়েন।

ডাক্তাররা দেহ পরীক্ষা করেছেন, না, হার্ট অ্যাটাক বা কোনো ধরণের অসুখে নয়, স্বাভাবিক মৃত্যু।

অ্যাস্পিরেশন গ্রাউন্ডেই তাকে সমাহিত করা হয়। এখানেই তিনি পরম শান্তিতে ঘুমিয়ে আছেন। আসলে কি ঘুমিয়ে আছেন? না, তার ভক্তরা মনে করেন, গুরু চিরজাগরুক, তিনি জেগে আছেন, এখানেই আছেন। দেখছেন আমাদের সকল কর্মকান্ড।

আমরা মঞ্চ থেকে নেমে আসি। একটি ঝুড়ি থেকে করতল ভরে ফুল তুলে নেই, গুরুর সমাধিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানাই। ফিরে এসে বসি

এরপর ২৬ পৃষ্ঠায়

> বিশ্বকর্মার কথা এজন্য বললাম, এই যে বিভিন্ন উচ্চতার অসংখ্য বেদী, মঞ্চ, গ্যালারি এবং এসবের মধ্য দিয়ে প্রবাহিত আলো ও প্রাণ-স্পন্দনের ঢেউ এই অসাধারণ সমন্বয় তো কেবল তিনিই করতে পারেন যার মাথায় বিশ্বকর্মার আশির্বাদের হাত রয়েছে। বেদ, রামায়ন, মহাভারতের বিভিন্ন পর্বের চিত্রায়ন নির্মিত হয়েছে সেন্টারের সর্বত্র, নানান জায়গা থেকে সংগৃহীত ও উপহার হিসেবে পাওয়া কাষ্ঠ, পিতল, ব্রোঞ্জ ও প্রস্তর-নির্মিত নান্দনিক ভাস্কর্য ও কারুকর্মের সমন্বয়ে। আছে নানান আকৃতি ও উচ্চতার প্রদীপ, জ্বলছে ধুপ। ধুপ এবং পুষ্পের গন্ধে এক অপার্থিব মুগ্ধতা তৈরি হয়েছে। এখানে এলে মনে হয় আমি যেন ভারতবর্ষের কোনো এক সুরের ভুবনে ঢুকে পড়েছি, কারণ এখানে-ওখানে সাজানো আছে ভারতীয় সঙ্গীতের নানান ইন্স্ট্রুমেন্ট, পার্থিব গন্ধর্বরা তো রয়েছেনই আশে-পাশে

> টিমোরের মানুষেরাও সেই দেশপ্রেমের তাগিদেই স্বাধীন মাতৃভূমির জন্য লড়াই করছে। এর কিছুদিন পরেই ইন্দোনেশিয়া সিদ্ধান্ত নেয় টিমোর ছেড়ে দেবার। এই ঘটনা জানেন টিমোরের লোকেরাও। আমৃত্যু গুরু চিন্ময়কে টিমোরের প্রেসিডেন্ট এবং জনগণ ভালোবেসেছেন, সেই ভালোবাসার নিদর্শন হিসেবে টিমোরের পার্লামেন্ট ভবনের সামনে তারা গুরু শ্রী চিন্ময়ের ভাস্কর্য স্থাপন করেন। সব আনন্দযজ্ঞই এক সময় শেষ হয়। আমাদের এই তীর্থদর্শনকালও ফুরিয়ে আসে। পড়ন্ত বিকেলে, বসন্তের নাতিশীতোষ্ণ হাওয়ায় ভাসতে ভাসতে, আমরা বেরিয়ে আসি মর্তের ইন্দ্রলোক শ্রী চিন্ময় সেন্টার থেকে। শ্রী চিন্ময় এক মহাসমুদ্র, মণি-মানিক্যে খোঁজে সেই সমুদ্রে আমাকে যে আরো বহুবার ডুব দিতে হবে সে বিষয়ে আমি নিশ্চিত


বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা
ওমরাহ প্যাকেজ
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
BANGLA TRAVELS
UMRAH HAJJ SERVICE
পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে
পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
সামার সেল চলছে
বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন
প্যাকেজ বিবরণ
বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।
DELTA AIR LINES
American Airlines
Biman Bangladesh Airlines
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি
আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 10AM-10PM
*Terms & Condition may apply. See store for details.

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত



# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

EAT
EXPERT AUTOMATION TEAM

QA Automation with Java Selenium

QA Automation with Python Selenium

QA Automation with Cypress JavaScript

QA Automation with API Testing

QA Automation with Performance Testing

DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

646-321-7507
ask@devtangle.com
www.DevTangle.com

